

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭

www.dip.gov.bd

নং- ৫৮.০১.০০০০.১০১.১১.০০১.২০২০(অংশ).

তারিখ: ০৫ কার্তিক, ১৪২৮ বঙ্গাব্দ  
২১ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিম্নোক্ত শূন্য পদ অস্থায়ীভাবে পূরণের জন্য প্রকৃত বাংলাদেশি নাগরিকগণের নিকট হতে উল্লিখিত শর্ত সাপেক্ষে ছক মোতাবেক দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	ড্রাইভার জাতীয় বেঃ স্কেল, ২০১৫ গ্রেড-১৫ বেতন ক্রমঃ ৯৭০০-২৩৪৯০/-	০১ (এক)টি	হালকা এবং ভারী মোটরযান চালনায় বৈধ লাইসেন্স সহ অন্যান্য জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে	ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, শরীয়তপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রাজশাহী, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, বগুড়া, জয়পুরহাট, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, পঞ্চগড়, খুলনা ও চুয়াডাঙ্গা।

### শর্তাবলী :

- আগামী ২৪/১০/২০২১ খ্রিঃ তারিখ হতে ১১/১১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সময়ের মধ্যে “মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭” ঠিকানায় ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গৃহীত হবে না। অগ্রিম বা হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- আবেদনকারীর বয়স ২৫ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ বছর থেকে ৩০ বছর।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বিদ্যমান কোটানীতি অনুসরণ করা হবে। মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্র/ প্রত্যয়নপত্র গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত হতে হবে। এতিমখানা নিবাসীদের উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।
- সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন কর্পোরেশনে কর্মরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র, প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা, ড্রাইভিং লাইসেন্স ও অভিজ্ঞতার সনদপত্র এবং সম্প্রতি তোলা ০৬ (ছয়) কপি পাসপোর্ট সাইজ ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নামের সীলসহ) কর্তৃক সত্যায়ন করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে দাখিলযোগ্য কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার “নামের সীল”সহ সত্যায়িত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে ‘মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭’ বরাবরে কোড নং ১-৭৩৭৫-০০০০-২০৩১ তে ১০০ (একশত) টাকা জমার ট্রেজারি চালানের মূলকপি সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।
- বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- নিয়োগ বিজ্ঞপ্তির শর্ত পূরণ হয়নি এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগ পরীক্ষার জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- প্রার্থীর নিজ ঠিকানা প্রাপক হিসেবে উল্লেখপূর্বক ১০ (দশ) টাকা মূল্যের ডাকটিকেটসহ ০১ (এক)টি “ফেরত খাম” আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- কোন কারণ দর্শানো ব্যতিরেকে পদসংখ্যা হ্রাস/বৃদ্ধিসহ নিয়োগ প্রক্রিয়া বাতিল/স্থগিত করার পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- এই বিজ্ঞপ্তি ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইট (www.dip.gov.bd) তে পাওয়া যাবে এবং উক্ত ওয়েবসাইট হতে আবেদনপত্র পূরণের নির্ধারিত ‘ছক’ ডাউনলোড করে আবেদন করতে হবে।



মোঃ ইসমাইল হোসেন

উপপরিচালক (প্রশাসন)

মহাপরিচালকের পক্ষে।

জিডি-১১৫৪/২১ (১০'x৩)